**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 01-05-2025** **Desk in Charge : SDG**

**Time : 7.50 PM** **Compiling : DSS**

**DEO : KB** **NR : DSS**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, 'ওয়ার্ল্ড অডিও ভিসুয়াল অ্যান্ড এন্টারটেনমেন্ট সামিট' WAVES, নিছক কোনো শব্দবন্ধ নয়, এটি এমন এক তরঙ্গ, যা সংস্কৃতি, সৃজনশীলতা এবং বিশ্বজনীন সংযোগ স্থাপনে অগ্রণী ভূমিকা নিচ্ছে।

২/ বড়বাজারের হোটেলে অগ্নিকান্ডের পর আজ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ঘটনাস্থলে যান । # অগ্নিদগদ্ধ হোটেলের মালিক ও ম্যানেজারকে ব্যাঙ্কশাল আদালতে তোলা হলে আট'ই মে' পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

৩/ কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে দেশের মধ্যে প্রথম কলকাতায় চালু হল 'প্রাইম মিনিস্টার ইন্টার্নশিপ স্কিম ফেসিলিটেশন সেন্টার'।

৪/ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হবে আগামীকাল।

৫/ আজ ঐতিহাসিক মে দিবস। রাজ্যে এই উপলক্ষ্যে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

৬) নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ রামকৃষ্ণ মিশনের প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপিত হচ্ছে।

৭/ রাজ্যের বিভিন্ন জায়গায় প্রবল ঝড় বৃষ্টির খবর পাওয়া গেছে।

******************************************************************

এখন ওয়েভস-এর খবরঃ- ( ইনসার্ট )

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, 'ওয়ার্ল্ড অডিও ভিসুয়াল অ্যান্ড এন্টারটেনমেন্ট সামিট' WAVES, নিছক কোনো শব্দবন্ধ নয়, এটি এমন এক তরঙ্গ, যা সংস্কৃতি, সৃজনশীলতা এবং বিশ্বজনীন সংযোগ স্থাপনে অগ্রণী ভূমিকা নিচ্ছে।

তিনি আজ মুম্বাই-এর জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টারে প্রথম দৃশ্য শ্রাব্য বিনোদন সম্মেলন ওয়েভস-এর সূচনা করে ভাষণ দিচ্ছিলেন।

( বাইট- PM ওয়েভেস ৭-৫০ )

অনুষ্ঠানে শ্রী মোদী বলেন, ভারত গোটা বিশ্বের মন জয় করেছে। আজকের ভারত হয়ে উঠেছে, চলচ্চিত্র নির্মাণ, ডিজিট্যাল কনটেন্ট, গেমিং, ফ্যাশান, সঙ্গীত এবং লাইভ কনসার্টের গ্লোবাল হাব। অ্যানিমেশন ও গ্রাফিক্স শিল্পে ভারতের বিপুল সম্ভাবনার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, এদেশের গল্প বলার ঐতিহ্য দেশকালের সীমানা পেরিয়ে মানুষের আবেগ এবং সম্পর্ককে এক নতুন মাত্রায় পৌঁছে দিয়েছে। বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতির দেশ হয়ে ওঠার পথেও ভারত দ্রুতগতিতে এগোচ্ছে বলে উল্লেখ করেন তিনি।

আগেই জানানো হয়েছে, চারদিনব্যাপী এই শীর্ষ সম্মেলনের মূল ভাবনা হল- "Connecting Creators, Connecting কান্ট্রি। বিশ্বের বিভিন্নপ্রান্ত থেকে স্টার্টআপ, শিল্প ক্ষেত্রে অগ্রনী ব্যক্তিত্ব এবং নীতি নির্ধারকরা এতে যোগ দিচ্ছেন। ওয়েভসে বিভিন্ন OTT প্লাটফর্ম, চলচ্চিত্র, গেমিং, কমিক্স, ডিজিটাল মিডিয়া, AI, AVGC-XR, সম্প্রচার, দক্ষতা সবকিছুই প্রদর্শিত হচ্ছে। এছাড়াও থাকছে সাক্ষাৎকার, প্রতিভাবান নির্মাতাদের বিশেষ অধিবেশন, নতুন যুগের গল্প বলার ধরণের প্রদর্শনী ইত্যাদি।

**********************

যুবসমাজকে কর্মসংস্থানের আরো বেশি সুযোগ দিতে কলকাতায় প্রথম **প্রাইম মিনিস্টার ইন্টার্নশিপ স্কিম ফেসিলিটেশন সেন্টার** চালু হয়েছে। কর্পোরেট বিষয়ক মন্ত্রকের উদ্যোগে নিউটাউনে এই **ইন্টার্নশিপ স্কিম ফেসিলেটেশন সেন্টার ও কর্পোরেট ভবন** আজ চালু করা হয়। ভিডিও কনফারেন্সের মাধ্যমে অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী নির্মলা সীতারামন এই কেন্দ্রটির উদ্বোধন করেন। তিনি বলেন, দেশের মধ্যে প্রথম কলকাতায় এধরনের কেন্দ্র গড়ে উঠেছে। এর ফলে দেশের যুবক যুবতীদের বিভিন্ন সংস্থায় ইন্টার্নশিপের সুযোগ দেওয়া সম্ভব হবে। এই প্রকল্প সফল হলে, দেশের প্রতিটি রাজ্যে এই ধরনের কেন্দ্র গড়ে তোলা হবে বলে শ্রীমতি সীতারামন জানিয়েছেন।

ভিডিও কনফারেন্সের মাধ্যমে অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী নির্মলা সীতারামন এই কেন্দ্রটির উদ্বোধন করেন।

**********************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেছেন, বড়বাজারের মেছুয়া পট্টীতে ঋতুরাজ হোটেলে বিধ্বংসী অগ্নিকান্ডের পর সরকার সম্ভাব্য দুর্ঘটনা এড়াতে সবরকম পদক্ষেপ নিচ্ছে। দমকল সহ বিভিন্ন দপ্তরকে নিয়ে একটি কমিটি গঠন করা হবে। তিনি আজ দুপুরে ঘটনাস্থল পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন দমকল মন্ত্রী সুজিত বসু, মন্ত্রী শশী পাঁজা ও পুলিশ কমিশনার মনোজ ভার্মা। আগুন ধরে যাওয়া হোটেলটি 'সিল' করে দেওয়া হবে বলে, মুখ্যমন্ত্রী জানান। সেটিতে পর্যাপ্ত অগ্নি নির্বাপণ ব্যবস্থা ছিলনা বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন। ওই এলাকার বেশ কয়েকটি বাড়ির জরাজীর্ণ অবস্থা নিয়ে উদ্বেগ প্রকাশ করে মুখ্যমন্ত্রী বলেন, শহরের বাকি এলাকায় ভবনগুলির অবস্থা খতিয়ে দেখতে পুরসভাকে অভ্যন্তরীণ তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।

( বাইট- মমতা আগুন )

একটি তদন্তকারী দল'ও গঠন করা হবে। এতে থাকবেন মেয়র, পুর কমিশনার, কলকালতার পুলিশ কমিশনার, ডিসি পদমর্যাদার আধিকারিক এবং দমকলের প্রতিনিধি।

বড়বাজারের পাশপাশি মুখ্যমন্ত্রী পার্কস্ট্রিটের একটি হোটেলের সুরক্ষা ব্যবস্থার পর্যালোচনা করেন। সেখানে কয়েকটি খাবারের দোকানের পরিস্থিতি দেখে ক্ষোভ প্রকাশ করেন তিনি। মেয়র, পুলিশ কমিশনার এবং দমকল মন্ত্রীকে রেস্তরাঁর প্রতিনিধিদের সঙ্গে দ্রুত আলোচনায় বসে সমস্যা সমাধানের নির্দেশ দিয়েছেন মমতা।

উল্লেখ্য, বড়বাজারের হোটেলটিতে অগ্নিকান্ডে দুই শিশু সহ মোট ১৪ জনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে ১২ জনের পরিচয় জানা গেছে। এই ঘটনায় জোড়াসাঁকো থানায় পুলিশ একটি স্বতঃপ্রণোদিত মামলা রুজু করেছে। দমকলের তরফেও হোটেল কর্তৃপক্ষের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।

**********************

এদিকে, মেছুয়া বাজারে রিতুরাজ হোটেলের আগুন লাগার ঘটনায় পুলিশ আজ সকালে হোটেল মালিক আকাশ চাওলা ও ম্যানেজার গৌরব কাপুরকে গ্রেপ্তার করে। এদের আজ ব্যাঙ্ক শাল আদালতে, তোলা হলে আটই মে পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়।

এদিকে মুখ্যমন্ত্রী আজ দুর্ঘটনাস্থল পরিদর্শনের পরেই অগ্নি সুরক্ষা বিধি না মানায় পার্ক স্ট্রিটের কয়েকটি রেস্তোরাঁ বন্ধ করে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। পুলিশ সূত্রে এ কথা জানা গেছে।

**********************

রাজ্য সরকার বড়বাজারে অগ্নিকাণ্ডে হতাহতের সংখ্যা গোপন করার চেষ্টা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ মেছুয়া পট্টীতে ঘটনাস্থল পরিদর্শন করে বলেন, কলকাতার মেয়র ও রাজ্যের মন্ত্রী ঘটনাস্থলে এলেও

মৃতের সঠিক সংখ্যা জানায়নি। এই ঘটনায় সরকার কি পদক্ষেপ নিয়েছে সংবাদমাধ্যম এবং হতাহতের পরিবারের কাছে সে বিষয়েও কোন কথা বলেননি। পুলিশ ও সরকার মৃতের সংখ্যা এবং পরিচয় গোপন করছে।

( বাইট- শুভেন্দু )

রাজ্য সরকার তোষণের রাজনীতিতে ব্যস্ত থাকায় কলকাতার বাণিজ্যিক কেন্দ্র, ঘনবসতি ও জনবহুল এলাকাকে কার্যত জতুগৃহে পরিণত করেছে এই অভিযোগ করে শুভেন্দু আরও বলেন, প্রশাসনিক গাফিলতির কারণেই এত বড় দুর্ঘটনা।

**********************

এদিকে, শহর জুড়ে জতুগৃহ তৈরী করে মুখ্যমন্ত্রী তার দায় এড়াতে চাইছেন বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার অভিযোগ করেছেন। তিনি আজ সাংবাদিকদের বলেন, যখনই কোনো অগ্নিকান্ড ঘটে, তখনই মুখ্যমন্ত্রী ও সরকার লাইসেন্স বিহীন ব্যবসা ও অবৈধ নির্মাণের প্রসঙ্গ তুলে মূল ঘটনা থেকে নজর ঘোরানোর চেষ্টা করেন। দীর্ঘদিন ধরেই তৃণমূল কংগ্রেস কলকাতা কর্পোরেশন পরিচালনার দায়িত্বে রয়েছে। তাহলে এতোদিন ধরে কেন বৈধ-অবৈধ চিহ্নিত করা গেলোনা, সেই প্রশ্ন তুলে প্রদেশ কংগ্রেস সভাপতি বলেন, এই অবৈধ নির্মানের দায় সরকারো পুরসভাকেই নিতে হবে।

**********************

চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ হবে আগামীকাল। সকাল ন'টায় সাংবাদিক সম্মেলন করে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন পর্ষদ সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায়। সকাল ৯ টা ৪৫ থেকে wbbsedata.com, indiaresults.com, results.siksha, fastresult.in, edutips.in ইত্যাদি ওয়েবসাইট এবং wbbse অ্যাপে ফল জানা যাবে। পর্ষদের বিভিন্ন ক্যাম্প অফিস থেকে স্কুলগুলি, মার্কশিট ও শংসাপত্র সংগ্রহ করতে পারবে সকাল ১০ টা থেকে।

**********************

আজ আন্তর্জাতিক মে দিবস। নানা অনুষ্ঠান ও কর্মসূচির মধ্য দিয়ে দিনটি বিশ্ব জুড়ে শ্রমিক দিবস হিসেবে পালিত হচ্ছে।

উত্তরবঙ্গের লং ভিউ চাবাগানে ন্যুনতম মজুরী নির্ধারণ, চা ও সিঙ্কোনা বাগানবাসীদের জমির পাট্টা দেওয়া ও বন্ধ চা বাগান খোলার দাবিতে আজ সমাবেশের ডাক দেন চা শ্রমিকরা। সিটুর রাজ্য দপ্তরে এই উপলক্ষ্যে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রাজ্য শ্রম কল্যাণ দপ্তরের উদ্যোগে আজ এই উপলক্ষ্যে মধ্য কলকাতার রামলীলা ময়দানে আয়োজিত এক অনুষ্ঠানে শ্রম মন্ত্রী মলয় ঘটক ছাড়াও সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায়, ঋতব্রত ব্যানার্জি, কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়, মেয়র ফিরহাদ হাকিম অংশ নেন।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন।

**********************

নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ রামকৃষ্ণ মিশনের প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপিত হচ্ছে। এই উপলক্ষ্যে সকাল থেকেই বেলুড় মঠ ও রামকৃষ্ণ মঠ ও মিশনের অন্যান্য শাখায় ভিড় জমান ভক্তরা। বেলুড়ে অভেদানন্দ কনভেনশন সেন্টারে এই উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

**********************

উত্তর বাংলাদেশ ও সংলগ্ন এলাকায় সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের সর্বত্রই আগামী কয়েক দিন, হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। সেই সঙ্গে ঘন্টায় ৬০ থেকে ৭০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়াও বয়ে যেতে পারে।

ইতিমধ্যেই কলকাতা, পুরুলিয়া ও বাঁকুড়া বর্ধমান মেদিনীপুর সহ বিভিন্ন জেলা থেকে ঝড় বৃষ্টির খবর মিলেছে।

*********************************************************************